গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
দেবীগঞ্জ, পঞ্চগড়।

# নাগরিক সনদ (সিটিজেন চার্টার)
# সেবা প্রদান প্রতিশ্রুতি

## নাগরিক সেবা কার্যাক্রম

জাতীয় যুব নীতিতে ১৮ থেকে ৩৫ বছর বয়সের জনগোষ্ঠীকে যুব হিসেবে চিহ্নিত করা হয়। এরা মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ। দেশের এই বিশাল যুব সমাজকে উন্নয়নের ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ, বেকারত্ব দূরীকরণ, আত্মকর্ম সংস্থান সৃষ্টি,প্রকল্প তৈরী ও সম্প্রসারণ, উদ্যোক্ত উন্নয়ন ও সৃষ্টি তে যুব উন্নয়ন অধিদপ্তর, দেবীগঞ্জ, পঞ্চগড় নিম্নোক্ত সেবা মূলক কাজ করে আসছে।

## (ক) বেকার যুবদের দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ কর্মসূচী ঃ

| ক্রঃ নং | কোর্সের নাম | কোর্সের ধরণ | মেয়াদ | আসন সংখ্যা (প্রতি ব্যাচ) | কোর্স ফি | জামানত | শিক্ষাগত যোগ্যতা (সর্ব নিম্ন) এবং বয়স | প্রশিক্ষণ কেন্দ্র |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন কোর্স | প্রাতিষ্ঠানিক (অনাবাসিক) | ৬ মাস | ৭০ জন | ১'০০০/- | | এইচএস সি। বয়স (১৮ থেকে ৩৫) বছরের মধ্যে | জেলা পর্যায়ে যুব প্রশিক্ষণ কেন্দ্র |
| ০২ | পোষাক তৈরী | | ৬ মাস | ২৫ জন | ৫০/- | | ৮ম শ্রেণি। (১৮ থেকে ৩৫) বছরের মধ্যে | |
| ০৩ | মৎস্য চাষ | | ৩ মাস | ২৫ জন | ৫০/- | | | |
| ০৪ | ইলেকট্রিক এন্ড হাউজ ওয়্যারিং | | ৬ মাস | ৩০ জন | ৩০০/- | | | |
| ০৫ | ইলেকট্রোনিক্স | | ৬ মাস | ৩০ জন | ৩০০/- | | | |
| ০৬ | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | | ৬ মাস | ৩০ জন | ৩০০/- | | | |
| ০৭ | গবাদি পশু পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক | প্রাতিষ্ঠানিক (আবাসিক) | ২ মাস ১৫ দিন | ৬০ জন | ১০০/- | ১০০/- | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০৮ | ১. গাভীপালন/ দুগ্ধ খামার স্থাপন<br>২. গরু মোটাতাজা করণ<br>৩. ছাগল পালন<br>৪. পারিবারিক হাঁস মুরগী পালন<br>৫. মৎস্য চাষ<br>৬. কৃষি বিষয়ক<br>৭. ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক<br>৮. পোষাক তৈরী/ সেলাই<br>৯. ব্লক ও বাটিক<br>১০. নার্সারি<br>১১. এ ছাড়াও স্থানীয় চাহিদার ভিত্তিতে অনুমোদন সাপেক্ষে যে কোন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন। | অপ্রাতিষ্ঠানিক (অনাবাসিক) | (৭ থেকে ১০) দিন | ৩০ জন | ------ | ------- | | উপজেলা পর্যায়ে স্কুল/কলেজ/মাদ্রাসা/ক্লাব /সমিতি ঘর/ উপজেলা পরিষদ হলরুম / ইউনিয়ন পরিষদ ভবন/ সেবা গ্রহনকারীদের চাহিদার ভিত্তিতে যে কোন সুবিধাজনক স্থানে। |

## (খ) যুব ঋণ কর্মসূচী ঃ

**১. প্রাতিষ্ঠানিক/ অপ্রাতিষ্ঠানিক পর্যায়ে-**

প্রথম দফায় শর্ত সাপেক্ষে জন প্রতি ১২৫০০০/- টাকা, ৫% সার্ভিস চার্জযুক্ত মাসিক কিস্তিতে ২৪ মাসে পরিশোধ করতে হয়। ঋণ গ্রহনের পরে ০৩(তিন) মাস গ্রেস পিরিয়ড থাকে।

দ্বিতীয় দফায় জন প্রতি ১৭৫০০০/- টাকা একই নিয়মে ঋণ প্রদান করা হয়।

শর্ত - প্রশিক্ষণ সনদ, নিজ ও জামিদারের ছবি, নাগরিকত্ব ও জাতীয়তা সনদ এবং ভোটার আইডি কার্ড, সর্বশেষ শিক্ষাগত সনদপত্র

* জামিনদারের জমির মূল দলিল, খাজনা, খারিজা, হাল নাগাদ পর্চা ও দাখিলা জমা দিতে হয় এবং ননজুডিশিয়াল স্টাম্পে চুক্তিপত্রে স্বাক্ষর।

* চাকুরীজীবী জামিদারের ক্ষেত্রে চাকুরীজীবী নিজ উর্দ্ধোতন কর্তৃপক্ষের প্রত্যয়ন, ঋণীর ঋণ পরিশোধের অঙ্গীকার প্রদান এবং ননজুডিশিয়াল স্টাম্পে চুক্তিপত্রে স্বাক্ষর।

**২. পরিবার ভিত্তিক কর্মসূচী যুব ঋণ -**

পাঁচ জন নিকট সদস্য নিয়ে একটি গ্রুপ, এ ভাবে ছয় থেকে আটটি গ্রুপ নিয়ে একটি কেন্দ্র করা হয়। সকলেই একই এলাকার হতে হবে। প্রতি গ্রুপের একজন গ্রুপ প্রধান এবং সকল গ্রুপ প্রধানরা মিলে একজন কেন্দ্র প্রধান ও একজন কেন্দ্র সচিব নির্ধারণ করেন।

শর্ত সাপেক্ষে প্রতিজনকে ৩০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়, ৫% সার্ভিস চার্জে পাক্ষিক ২৪ কিস্তিতে পরিশোধ। তিন মাস গ্রেস পিরিয়ড।

**(গ) যুব সংগঠন নিবন্ধন ঃ**

প্রতি বছর যুব সংগঠন নিবন্ধন দেয়া হয়।

আবেদনকারী যা যা করবেন ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে ১.উপপরিচালক বরাবর আবেদন ফরম ২. গঠনতন্ত্রের অনুলিপি- তিন সেট ৩. গঠনতন্ত্র অনুমোদনের সভার কার্য বিরণীর অনুলিপি- তিন সেট। ৪. কার্য নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত কার্য বিবরণীর অনুলিপি- তিন সেট ৫. সাধারন সদস্যের পরিচিতি ও নামের তালিকা ৬.কার্য নির্বাহী কমিটির সদস্যদের স্বাক্ষরসহ নামের তালিকা (পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা) ৭. যুব শব্দটি উল্লেখ পূর্বক সংগঠনের নাম সম্বলিত সাইনবোর্ডের সংগঠন ঘর সহ ছবি- তিন কপি। ৮. সংগঠন ঘর: নিজস্ব জমিতে হলে মূল দলিল ও খাজনার রশিদেও সত্যায়িত অনুলিপি, অথবা ভাড়াকৃত ঘর হলে চুক্তি পত্রের অনুলিপি -তিন সেট। ৯. ব্যাংক হিসাব সনদ ১০. যুব সংগঠনের বর্তমান কার্যক্রম এবং ভবিষ্যত কার্যক্রম - তিন সেট।

**(ঘ) যুব সংগঠনের অনুদান ঃ**

প্রতি বছর যুবকল্যান তহবিল এবং অনুন্নয়ন খাত থেকে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক যোগ্য সংগঠনকে অনুদান প্রদান করা হয়। অনুদানের জন্য আবেদন যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত থাকে। প্রয়োজনীয় কাগজ পত্রাদি হার্ড কপি উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের মাধ্যমে জেলা কার্যালয়ে প্রেরীত হয়।

**(ঙ) জাতীয় যুব পুরস্কার ঃ** প্রতি বছর সফল আত্মকর্মী এবং শ্রেষ্ঠ যুব সংগঠক হিসেবে তাদেও সফলতার স্বীকৃতি স্বরূপ নির্ধারিত সংখ্যক জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারের জন্য আবেদন যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত থাকে। প্রয়োজনীয় কাগজ পত্রাদি উপজেলা কার্যালয়ের মাধ্যমে জেলা কার্যালয়ে প্রেরীত হয়।

**(চ) কমনওয়েলথ যুব পুরস্কার ঃ**

কমনওয়েলথ ইয়ুথ প্রোগ্রাম, এশিয়া অঞ্চলের কমনওয়েলথ ভুক্ত দেশ সমূহের যুব উন্নয়ন কর্মকান্ডে অবদান/যুবসংগঠনের মাধ্যমে সমাজ উন্নয়ন কর্মকান্ড, যুব মহিলাদের উন্নয়ন মূলক কর্মকান্ড আদিবাসী যুবদের উন্নয়ন মূলক কর্মকান্ড, যুব সংগঠনের মাধ্যমে প্রকল্প ভিত্তিক কমিউনিটি ডেভেলপমেন্ট ও স্বনির্ভর কার্যক্রমের জন্য বিভিন্ন শিরোনামে কমনওয়েলথ যুব পুরস্কার প্রদান করে থাকে।

**(ছ) সেবা সম্পর্কিত তথ্য প্রদান ঃ**

উপজেলার ক্ষেত্রে উপজেলা পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট।

**(জ) উপজেলাপর্যায়েকাঠামো ঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - ০১ জন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - ০৩ জন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর - ০১ জন, ক্যাশিয়ার - ০১ জন এবং এম এল এস এস - ০১ জন।